126

দৈনিক সংবাদ

তারিখ 25 MAY 1990
পৃষ্ঠা ১ কলাম ৬

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে নজরুল গবেষণা কেন্দ্র স্থাপিত

(নিজস্ব বার্তা পরিবেশক)

ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'নজরুল গবেষণা কেন্দ্র' স্থাপন করা হয়েছে। উপাচার্য অধ্যাপক মনিরুজ্জামান মিয়া গতকাল বৃহস্পতিবার আনুষ্ঠানিকভাবে কেন্দ্রের উদ্বোধন করেন।

এ উপলক্ষে গতকাল টিএসসিতে আয়োজিত এক অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে কেন্দ্রের পরিচালক 'নজরুল অধ্যাপক' ডঃ রফিকুল ইসলাম, কলা অনুষদের ডীন অধ্যাপক ওয়াকিল আহমদ, বাংলা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক আবুল কালাম মঞ্জুর মোরশেদ ও ইংরেজী বিভাগের চেয়ারম্যান ডঃ সৈয়দ মঞ্জুরুল ইসলাম বক্তব্য রাখেন।

অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।